# সেবা সহজিকরণ

## জনশুমারিতে অন্তর্ভুক্তির প্রত্যয়নপত্র প্রদান


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

- বাংলাদেশ সরকারের রুপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনার ১২.১.১ সূচকে বর্ণিত কার্যক্রম হিসেবে সেবা পদ্ধতি সহজিকরণের জন্য **"জনশুমারিতে অন্তর্ভুক্তির প্রত্যয়নপত্র প্রদান"** সেবাটি চিহ্নিত করা হয়েছে।

- যুক্তরাষ্ট্রসহ বেশ কয়েকটি দেশের ইমিগ্রেশনের চাহিদা অনুযায়ী ইমিগ্রেশনে ইচ্ছুক নির্দিস্ট ব্যক্তি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বালাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত বিভিন্ন সেন্সাস রেকর্ডে অন্তর্ভুক্ত আছে কিনা তা যাচাই করে উক্ত ব্যক্তিকে প্রত্যয়ন পত্র প্রদান করা হয়। বর্তমানে সেবাটি পেতে হলে সাবাগ্রহীতাকে অনেকগুলো জটিল ও সময়সাপেক্ষ ধাপের মধ্য দিয়ে যেতে হয়। উক্তসেবাটি সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হলে সেবাগ্রহিতাগণ দ্রুততর সময়ে প্রত্যয়নপত্রটি পেতে পারে। এতে অর্থ সাশ্রয়ের পাশাপাশি সেবাগ্রহীতাগণের অনেক হয়রানি ও জটিলতা দূর হবে এবং ইমিগ্রেশন কের্যক্রমে তাদের সেবা প্রাপ্তি অধিকতর সহজ হবে।

- এরইপ্রেক্ষিতে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদক সূচক ১২.১.১ বাস্তবায়নের নিমিত্ত ১৫-১০-২০২০ খ্রিঃ তারিখে **"জনশুমারিতে অন্তর্ভুক্তির প্রত্যয়নপত্র প্রদান"** সেবাটি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়। পরবর্তিতে কর্মসম্পাদক সূচক ১২.২.১ অনুযায়ী **"জনশুমারিতে অন্তর্ভুক্তির প্রত্যয়নপত্র প্রদান"** সহজিকৃত সেবাটি বাস্তবায়নের নিমিত্ত ২৫-০২-২০২১ খ্রিঃ তারিখে একটি চূড়ান্ত অফিস আদেশ জারি করা হয়।

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা-১
www.sid.gov.bd

নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০.১৩

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭
১৫ অক্টোবর ২০২০

**অফিস আদেশ**

বাংলাদেশ সরকারের রুপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনার ১২.১.১ সূচকে বর্ণিত কার্যক্রম হিসেবে সেবা পদ্ধতি সহজিকরণের জন্য একটি সেবাকে চিহ্নিত করা হয়েছে। যুক্তরাষ্ট্রসহ বেশ কয়েকটি দেশের ইমিগ্রেশনের চাহিদা অনুযায়ী ইমিগ্রেশনে ইচ্ছুক নির্দিষ্ট ব্যক্তি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত বিভিন্ন সেন্সাস রেকর্ডে অন্তর্ভুক্ত আছে কিনা তা যাচাই করে উক্ত ব্যক্তিকে প্রত্যয়ন পত্র প্রদান করা হয়। বর্তমানে সেবাটি পেতে হলে সেবাগ্রহীতাকে অনেকগুলো জটিল ও সময়সাপেক্ষ ধাপের মধ্য দিয়ে যেতে হয়। উক্ত সেবাটি সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হলে সেবাগ্রহীতাগণ দ্রুততর সময়ে প্রত্যয়নপত্রটি পেতে পারে। এতে অর্থ সাশ্রয়ের পাশাপাশি সেবাগ্রহীতাগণের অনেক হয়রানি ও জটিলতা দূর হবে এবং ইমিগ্রেশন কার্যক্রমে তাঁদের সেবা প্রাপ্তি অধিকতর সহজ হবে।

সেবাটি সহজিকরণসহ পাইলটিং হিসেবে বাস্তবায়নের জন্য এ বিভাগের ইনোভেশন টিম এবং বিবিএস এর সেবা সংশ্লিষ্ট শাখা-কে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

১৫-১০-২০২০
মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার ও সদস্য সচিব (ইনোভেশন টিম), এসআইডি
ফোন: ৫৫০০৭০৯০
ইমেইল: murad@sid.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
কম্পিউটার উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং:-৫২.০১.০০০০.২০১.১৮.০০৪.১৯-৭৮২

তারিখ:- ১২ ফাল্গুন ১৪২৭
২৫ ফেব্রুয়ারি ২০২১

**অফিস আদেশ**

বাংলাদেশ সরকারের রুপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনার ১২.১.১ সূচকে বর্ণিত কার্যক্রম হিসেবে শুমারি ও জরিপের ডাটা সরবরাহ, বিক্রয় ও প্রত্যয়নপত্র প্রদান সংক্রান্ত সেবাটি সহজিকরণ করে একটি প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়েছে। উক্ত সেবাটি প্রসেস ম্যাপ অনুযায়ী প্রদানের জন্য নিম্নোক্ত ০২ (দুই) জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হলো।

| ক্রম: | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১. | জনাব চন্দ্র শেখর রায় | সি. মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১৫৫-৬৪৬২০৩৬ |
| ০২. | জনাব মো: কারামত আলী | সিনিয়র প্রোগ্রামার | ০১৫৫২৩৯৬২৭২ |

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সংযুক্তি:** ০২ (দুই) পাতা (প্রসেস ম্যাপসহ)।

২৫/২/২১
(মাহফুজুল ইসলাম)
পরিচালক
ফোনঃ ০২-৫৫০০৭৩৩১
ই-মেইলঃ mahfuzul.islam@bbs.gov.bd

বিতরণ (সদয় কার্যার্থে):-


০১। জনাব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
০২। জনাব মো: কারামত আলী, সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। প্রোগ্রামার ও সদস্য সচিব (ইনোভেশন টিম), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, উপ-মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
০৫। অফিস কপি।

বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)


মোট ধাপ-২১, জনবল-৬, সময়- ২৪ দিন



চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | বর্তমানে ডাটা ক্রয় করার জন্য আপবেদনপত্রের নির্ধারিত কোন ফরম না থাকায় আবেদনকারী অনেক সময় বুঝতে পারেন না কিভাবে আবেদন করতে হবে এবং কার বরাবর আবেদনপত্র প্রদান করতে হবে। ডাটা ক্রয় সংক্রান্ত নীতিমালাসমূহ সম্পর্কে আবেদনকারীগণ সঠিকভাবে জানেন না। | অনলাইনে নির্ধারিত ফরমেটে আবেদন করতে পারবেন। |
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | আবেদনপত্র | অনলাইনে আবেদনপত্র |
| ৩। সেবার ধাপ | ডাটা ক্রয়ের জন্য অনেকগুলো ধাপে (২১টি ধাপে) অনাকাঙ্খিত সময় নষ্ট হয়। | অনলাইনে ডাটা সরবরাহ করা হলে সেবা প্রাপ্তির ধাপ কম হবে। |
| ৪। সম্পৃক্ত জনবল | আবেদনকারী, মহাপরিচালক, পরিচালক, কম্পিউটার উইং, অফিস সহায়ক, সিনিয়র প্রোগ্রামার, উপমহাপরিচালক | আবেদনকারী, মহাপরিচালক, পরিচালক, কম্পিউটার উইং, অফিস সহায়ক, সিনিয়র প্রোগ্রামার, উপমহাপরিচালক |
| ৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | ৫ জন, মহাপরিচালক, পরিচালক, অফিস সহায়ক, সিনিয়র প্রোগ্রামার, উপমহাপরিচালক | ম্যানুয়াল ফাইল মুভমেন্ট এর প্রয়োজন হবেনা। |
| ৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা | বিবিএস এর বিভিন্ন উইং এবং প্রকল্প এর সাথে সমন্বয় করে ডাটা সরবরাহ করতে হয়। | ই সার্ভিস বাস্তবায়ন হলে আন্ত:অফিস নির্ভরশীলতা হ্রাস পাবে। |
| ৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি | ১. পরিসংখ্যান আইন, ২০১৩<br>২. বিবিএস এর ডাটা বিক্রয় নীতিমালা<br>৩. তথ্য অধিকার আইন, ২০০৯ | ১. পরিসংখ্যান আইন, ২০১৩<br>২. বিবিএস এর ডাটা বিক্রয় নীতিমালা<br>৩. তথ্য অধিকার আইন, ২০০৯ |
| ৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি | সার্ভার, পিসি, ইন্টারনেট, সিডি, পেনড্রাইভ | অনলাইনে সরবরাহ |
| ৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ | ডাটা সরবরাহের তথ্য নিয়মিত রেজিষ্টারে সংরক্ষণ করা হয়। নির্ধারিত ফরমেট না থাকার কারনে অনেকসময় প্রয়োজনীয় তথ্য উপাত্তের জটিলতা সৃষ্টি হয়। তাছাড়া তথ্যের ডাটাবেইজ সংরক্ষণ করা হয় না। তথ্যাদি সংরক্ষণের ব্যবস্থা না থাকায় এ সংক্রান্ত রিপোর্ট প্রদানে জটিলতা সৃষ্টি হয়। | অনলাইনে সফটওয়্যারের মাধ্যেম ডাটা সরবরাহ করা হলে ডাটাবেইজে প্রয়োজনীয় তথ্য সংরক্ষিত থাকবে ফলে রিপোর্ট প্রদান সহজতর হবে। |
| ১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | আছে (কিন্তু অনলাইনে সরবরাহ করার সফটওয়্যার নেই) | সফটওয়্যার উন্নয়ন |
| ১১। খরচ (নাগরিক+অফিস) | নাগরিক- ১৫০০ টাকা<br>অফিস- ৫০ হতে ৫০০০ USD | অনলাইনে আবেদন গ্রহণ এবং ডাটা সরবরাহ করা হলে নাগরিকের যাতায়াত খরচ প্রয়োজন হবে না। |
| ১২। সময় (নাগরিক+অফিস) | ২৪ কর্মদিবস | অনলাইনে ডাটা সরবরাহ করা হলে সময় কম লাগবে। |
| ১৩। যাতায়াত (নাগরিক) | তিনবার | তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে ডাটা সরবরাহ করা হলে আবেদনকারীর যাতায়াত প্রয়োজন হবে না। |
| ১৪। অন্যান্য | ডাটা প্রদানের বিষয়ে প্রচার না থাকায় সেবা প্রদানে সমস্যার সম্মুখীন হতে হয়। | এ সংক্রান্ত প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |

সহজিকৃত প্রসেস ম্যাপ (Process Map)




TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ২৪ দিন | ১২ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | নাগরিক: ২০০০ টাকা (ফি) + টেলিফোন খরচ<br>অফিস: টেলিফোন খরচ | নাগরিক: ২০০০ টাকা (ফিঃ) + টেলিফোন খরচ<br>অফিস: টেলিফোন খরচ |
| যাতায়াত | ৩ বার এর অধিক | ৩ বার |
| ধাপ | ২১ ধাপ | ১৮ ধাপ |
| জনবল | ৬ জন | ৬ জন |
| দাখিলকৃত কাগজপত্র | ১. আবেদনপত্র (বিস্তারিত ঠিকানাসহ)<br>২. এনআইডি<br>৩.প্রবাসীগণ স্থানীয় প্রতিনিধি/পরিচিত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ করে বিবিএস এ আবেদন করতে হয়। | ১. আবেদনপত্র (বিস্তারিত ঠিকানাসহ)<br>২. এনআইডি |

প্রস্তাবিত প্রসেস ম্যাপ (অনলাইন/ডিজিটাল সেবা)


মোট ধাপ-১১, জনবল-৩, সময়- ৯ দিন



৩। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ২৪ দিন | ৯ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | নাগরিক: ১৫০০ টাকা<br>অফিস: ৫০-৫০০০ USD | নাগরিক: ৫০-৫০০০ USD<br>অফিস: প্রয়োজন নেই |
| যাতায়াত | কমপক্ষে ৩ বার | প্রয়োজন নেই |
| ধাপ | ২১ ধাপ | ১১ ধাপ |
| জনবল | ৬ জন | ৩ জন |
| দাখিলীয় কাগজপত্র | ১. আবেদনপত্র<br>২. বিদেশী নাগরিকগণ স্থানীয় প্রতিনিধি/পরিচিত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ করে বিবিএস এ আবেদন করতে হয়। | অনলাইনে একটি নির্দিষ্ট ফরমেটের আবেদনপত্র প্রদান করা হবে। এছাড়া আবেদনকারীর সুবিধার্থে একটি আবেদনের নমুনা অনলাইনে দেয়া হবে। দেশী এবং বিদেশী নাগরিকগণ চাহিদা অনুযায়ী ডাটা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। |

লেখচিত্র:




৪। বাস্তবায়ন (অনলাইন/ডিজিটাল) (বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো)

ক) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণ (২০০ শব্দের মধ্যে)

খ) বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

| কার্যক্রম | আগস্ট,২০২১ | সেপ্টে, ২০২১ | অক্টো, ২০২১ | নভে,২০২১ | ডিসে,২০২১ | জানু,২০২২ |
|---|---|---|---|---|---|---|
| পাইলট (প্রযোজ্য ক্ষেত্রে) শুরু ও সমাপ্তি | | | | | | |
| মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের তারিখসমূহ | | | | | | |
| পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন শুরুর তারিখ | | | | | | |
| পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ | | | | | | |
| সরকারি জিও জারির তারিখ | | | | | | |

খ) বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণঃ  ১৫ লাখ

গ) বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহঃ বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে বাজেট প্রাপ্তি একটি বড় চ্যালেঞ্জ।

ঘ) চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থাদিঃ বাজেট প্রাপ্তির জন্য অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা।

চ) সরকারি আদেশ জারির তারিখঃ সম্ভাব্য জানুয়ারি, ২০২২

ছ) প্রচারে গৃহীত ব্যবস্থাদিঃ স্টেকহোল্ডারগণের সাথে সভা/কর্মশালা/সেমিনার, পত্রিকা ও টিভিতে বিজ্ঞাপন

জ) পরিবীক্ষণঃ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিটি ধাপে কার্যক্রমের পরিবীক্ষণ ব্যবস্থা করা।

ঝ) অভিজ্ঞতালব্ধ শিক্ষণঃ অন্যান্য দপ্তরের সেবা সহজিকরণের প্রক্রিয়াসমূহ অভিজ্ঞতা হিসেবে ব্যবহার করা যাবে।

ঞ) সেবা সহজিকরণ কার্যক্রমের ছবি ও ভিডিও (লিংক):

ট) বাস্তবায়ন টিমঃ ৬ জন

ঠ) টেকসইকরণে গৃহীত ব্যবস্থাদিঃ প্রশিক্ষিত জনবল, প্রয়োজনীয় বাজেট বরাদ্দ এবং নিয়মিত মনিটরিং।